বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১০

তারিখ: ১৮ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
০২ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর চেয়ারম্যান (সিনিয়র সচিব) এবং IOSCO-Asia Pacific Regional Committee (APRC) এর ভাইস-চেয়ার অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম ২৬-২৮ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে হংকংয়ে অনুষ্ঠিত IOSCO-Asia Pacific Regional Committee (APRC) Meetings 2024 এর বিভিন্ন সভায় অংশগ্রহণ করেন, যার মধ্যে অন্যতম হলো Supervisory Directors' Meeting, APRC Plenary এবং EU-Asia Pacific Regulatory Forum Meeting। উল্লেখ্যে যে, EU-Asia Pacific Regulatory Forum Meeting এ বিএসইসি চেয়ারম্যান Sustainable Finance বিষয়ে বাংলাদেশের Readymade Garments Sector এর উপর প্রদত্ত প্রেজেন্টেশনে Sustainable Finance এ উত্তরণের সম্ভাব্য খরচ এবং ঝুঁকি সম্পর্কে আলোকপাত করেন। পরবর্তীতে যার উপর উক্ত সভায় বিস্তারিত আলোচনা হয়। এছাড়াও, তিনি হংকংয়ের Securities and Future Commission (SFC) কর্তৃক আয়োজিত Regional Securities Regulatory Leadership Symposium এ অংশগ্রহণ করেন। উল্লেখ্য যে, কমিশনের নির্বাহী পরিচালক জনাব মাহবুবুল আলম IOSCO-APRC Meetings 2024 এর Enforcement Directors' Meeting সহ বিভিন্ন সভায় অংশগ্রহণ করেন।

উক্ত সভাসমূহে এশিয়া-প্যাসিফিক অঞ্চলের বিভিন্ন দেশের পুঁজিবাজার সংক্রান্ত বিভিন্ন আইন-কানুন, বিধিমালা, চলমান পরিস্থিতি, ঝুঁকি, সমস্যা ও তা থেকে উত্তরণের উপায় সহ পুঁজিবাজারের সার্বিক উন্নতির বিষয়ে আলোচনা হয়।

এধরণের আন্তর্জাতিক সংস্থাসমূহের সভায় অংশগ্রহণ আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের প্রতিনিধিত্ব বৃদ্ধির পাশাপাশি আন্তর্জাতিকভাবে স্বীকৃত পুঁজিবাজার সংশ্লিষ্ট আইন কানুন ও পলিসির সাথে সমন্বয় করে দেশের পুঁজিবাজারের উন্নয়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ, বিভিন্ন দেশ ও সংস্থার সাথে সম্পর্কের উন্নয়ন ও সহযোগিতা বৃদ্ধি, বৈদেশিক বিনিয়োগ আকৃষ্টকরণ এবং সর্বোপরি দেশের পুঁজিবাজারের সার্বিক উন্নতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

উল্লেখ্য, বিএসইসি চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম ২০২৪-২০২৬ সাল সময়কালেও ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন অব সিকিউরিটিজ কমিশনস(IOSCO) এর এশিয়া প্যাসিফিক রিজিওনাল কমিটি(APRC)-র ভাইস-চেয়ার এবং IOSCO বোর্ড এর সদস্য হিসেবে দায়িত্ব পালন করবেন।

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র


HONG KONG (SFC)
APRC VICE-CHAIR
IOSCO CHAIRMAN
APRC CHAIR

